



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

সিএসডব্লিউ এর ৬২ তম অধিবেশনে বাংলাদেশের সাইড ইভেন্ট
জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় এবং বোঝা ভাগ করে নিতে এগিয়ে আসতে আন্তর্জাতিক
সম্প্রদায়ের প্রতি আহ্বান জানালেন প্রতিমন্ত্রী মেহের আফরোজ

নিউইয়র্ক, ২০ মার্চ ২০১৮:

“আমরা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানাই তারা যেন এগিয়ে আসেন এবং বোঝা ভাগ করে নেন। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় আন্তর্জাতিক সম্প্রদায়ের ব্যাপক দায়-দায়িত্ব নিতে হবে বিশেষ করে যখন গ্রামীণ এলাকায় নারী ও মেয়েরা বিপদাপন্ন হয়”- আজ জাতিসংঘ সদর দপ্তরে কমিশন অন দ্যা স্যাস্টাস অব উইমেন (সিএসডব্লিউ) এর চলতি ৬২তম অধিবেশনের আওতায় বাংলাদেশ স্থায়ী মিশন আয়োজিত ‘দায় ভাগ: জলবায়ু সৃষ্ট বাস্তবচ্যুতিতে গ্রামীণ নারী (Shouldering the Burden: Rural Women and Climate-Induced Displacement)’ শীর্ষক সাইড ইভেন্টে অংশ নিয়ে এ কথা বলেন নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহের আফরোজ, এমপি।

প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে এ বিষয়ে প্রধানমন্ত্রীর উক্তি “জলবায়ু পরিবর্তন ভবিষ্যতের কোন সমস্যা নয় এটি আমাদের জীবদশায়ই ঘটছে এবং তা আমাদের মোকাবিলা করতে হবে। কাজেই এ বিষয়ে আজই ব্যবস্থা নিতে হবে”।

একজন প্যানেলিস্ট হিসেবে প্রতিমন্ত্রী মেহের আফরোজ বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের বৈরি প্রভাব এবং এর সংবেদনশীলতার বিষয়ে ইভেন্টটিতে নানা তথ্য তুলে ধরেন। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বাংলাদেশ সরকারের সুদৃঢ় প্রতিশ্রুতি, পদক্ষেপ এবং সার্বিক প্রস্তুতির বিভিন্ন দিক তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, বাংলাদেশ সরকার জলবায়ু-ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনে ‘আশ্রয়ণ’ ও ‘একটি বাড়ি একটি খামার’ এর মতো প্রকল্পসহ নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। দুর্যোগ পরবর্তী পরিস্থিতিতে খাপ খেয়ে চলা এবং পুনরায় স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য সরকার বিভিন্ন প্রশিক্ষণ ও সচেতনতামূলক কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে বলেও তিনি জানান।

তিনি বলেন, “ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় নিরাপদ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও নিরাপদ পানি সরবরাহ করার লক্ষ্যে আমার মন্ত্রণালয় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় নারী ও শিশুদের জন্য প্রকল্প বাস্তবায়ন করছে”।

‘চ্যাম্পিয়ন অব দ্যা আর্থ’ পুরস্কার বিজয়ী এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা বিষয়ক প্রবক্তা হিসেবে প্রধানমন্ত্রীর সক্রিয় ভূমিকার কথা উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, “প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ সরকার এক্ষেত্রে আইনগত বিষয়াদি হালনাগাদ করা এবং প্রয়োজনীয় নতুন আইন তৈরীর কাজ করে যাচ্ছে”।

প্রতিমন্ত্রী বাংলাদেশের দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক আইন ও প্রবিধান প্রণয়নের ক্ষেত্রে লিঙ্গ সংবেদনশীলতার বিষয়ের প্রতি দৃষ্টি দেওয়া হয়েছে মর্মে উল্লেখ করেন।

জলবায়ুর প্রতিকূল প্রভাব এবং দুর্যোগ মোকাবিলা বিষয়ে প্রতিমন্ত্রী উন্নয়ন সহযোগী, এনজিও এবং বেসরকারি খাতের অবদানের কথাও উল্লেখ করেন।

ইভেন্টটির প্যানেলিস্ট, জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং ইউএন উইমেন এর নির্বাহী পরিচালক মিজ ফুমজিলে ম্যালাম্বো-নগোচুকা (Phumzile Mlambo-Ngcuka) তাঁর সাম্প্রতিক বাংলাদেশে

রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের উদাহরণ টেনে বাস্তবায়িত রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদানে বাংলাদেশ সরকার ও এর জনগণ যে স্বতঃস্ফূর্ততা ও আন্তরিকতা দেখিয়েছেন তার ভূয়সী প্রশংসা করেন। এই সঙ্কট মোকাবিলায় বাংলাদেশের নারীদের সহিষ্ণুতার ও সহযোগিতার বিষয়ে তিনি বিশেষভাবে প্রশংসা করেন। এ প্রসঙ্গে রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক সহায়তা প্রদানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘মাদার অব হিউম্যানিটি’ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে মর্মে প্রতিমন্ত্রী মেহের আফরোজ উল্লেখ করেন।

সকল প্যানেলিস্ট বাংলাদেশের ব্যাপক আর্থ-সামাজিক উন্নয়ন, বিশেষ করে নারীর ক্ষমতায়নের প্রশংসা করেন। জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্রতিকূলতা মোকাবিলা এবং দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশের নারীদের ধৈর্য ও সক্ষমতারও ভূয়সী প্রশংসা করেন তাঁরা।

অন্যান্যদের মাঝে প্যানেলিস্ট হিসেবে অংশগ্রহণ করেন নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাসিমা বেগম এনডিসি, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার নিউইয়র্কের লিয়াজোঁ অফিসের পরিচালক মিজ কারলা মুকাভি (Carla Mucavi), ‘ওপেন দ্যা ডোর’ এর কো-ফাউন্ডার মিজ মলি গার্ক (Molly Gerke) এবং মাইগ্রেশন এর থিমেটিক বিশেষজ্ঞ মিজ মারিয়াম তরাওরে চাজালনোয়েল (Mariam Traore Chazalnoel)। ইভেন্টটির মডারেটর ছিলেন এনজিও কমিটি অন মাইগ্রেশন এর প্রতিনিধি মিজ তেরেসা ব্লুম্যানস্টেইন (Teresa Blumenstein)।

সংসদ সদস্য কাজী রোজীসহ চলতি সিএসডব্লিউ অধিবেশনে অংশগ্রহণকারী বাংলাদেশ ডেলিগেশন এর সদস্যগণ সাইড ইভেন্টটিতে যোগ দেন। এছাড়া অন্যান্য সদস্য রাষ্ট্রের প্রতিনিধি, জাতিসংঘের কর্মকর্তা এবং সিভিল সোসাইটির প্রতিনিধিগণ ইভেন্টটিতে অংশগ্রহণ করেন।
